# রুমিন ফারহানা আপার মধ্যে শেখ হাসিনার ছায়া: রাশেদ খাঁন



ছবি: সংগৃহীত

হাসনাত আবদুল্লাহ, সারজিস আলম ও রুমিন ফারহানাকে নিয়ে বিভিন্ন সময়ের নানা মন্তব্য নিজের ফেসবুক পোস্টে তুলে ধরেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী (সচিব পদমর্যাদা) রাশেদ খাঁন।

বৃহস্পতিবার (২৭ আগস্ট) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে তিনি এসব কথা লেখেন। তবে শুরুতেই তিনি জানান, পোস্টে থাকা মন্তব্যগুলো তাঁর নিজের নয়। এগুলোকে তিনি ‘দুষ্ট লোকের কথা’ হিসেবে উল্লেখ করেছেন।

রাশেদ খাঁন লিখেছেন, গণঅভ্যুত্থানের সময় ১৯ জুলাই আওয়ামী লীগের মন্ত্রীদের সঙ্গে বৈঠকের পর কিছু সমন্বয়ক হাসনাত আবদুল্লাহকে ‘হাসিনার আবদুল্লাহ’ নামে ডাকতে শুরু করেন। তখন ডিবি হেফাজতে নাহিদ-আসিফরা মার খাচ্ছিলেন, আর হাসনাত-সারজিসকে পুকুরপাড়ে জুস খেতে দেখে কিছু পুলিশ সদস্যও নানা কথা বলাবলি করছিলেন বলে পোস্টে দাবি করেন তিনি।

LENS ASIA

এরপর অন্তর্বর্তী সরকারের সময়ের প্রসঙ্গ টেনে রাশেদ খাঁন লেখেন, এনসিপি নেতা হাসনাত আবদুল্লাহ রুমিন ফারহানাকে ‘বিএনপির আওয়ামী বিষয়ক সম্পাদক’ বলার পর থেকেই ‘দুষ্ট লোকেরা’ রুমিন ফারহানার মধ্যে শেখ হাসিনার ছায়া দেখতে শুরু করেছে।

পোস্টে তিনি আরও লেখেন, চায়ের দোকানের আলোচনায় কেউ কেউ বলাবলি করছে, স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানা শেখ হাসিনা ও আওয়ামী লীগের বয়ানে কথা বলছেন। এমনকি সংসদে তিনি আওয়ামী লীগ বা শেখ হাসিনার একজন যোগ্য প্রতিনিধি হয়ে উঠেছেন বলেও এসব আলোচনায় বলা হচ্ছে।

তবে পোস্টের শেষেই রাশেদ খাঁন আবারও পরিষ্কার করে দেন, এসব তাঁর নিজের বক্তব্য নয়। তিনি লিখেছেন, ‘এগুলো সব দুষ্ট লোকের কথা। কোনোটাই আমার কথা নয়।’